**BENGALI(H-DSE)- 4th SEMESTER**

**বিল্বমঙ্গল**

1. 'বিল্বমঙ্গল'-কোথায় প্রথম অভিনয় হয়?

   » 20 আষাঢ়, 1293 সালে স্টার থিয়েটারে প্রথম অভিনীত হয়।

2. 'বিল্বমঙ্গল'নাটকটি কটি অঙ্কে রচিত হয়?

   » নাটকটি মোট পাঁচটি অঙ্কে রচিত হয়।

3. ' বিল্বমঙ্গল'-নাটকটিকে কী ধরণের নাটক বলা হয়েছে?

   » প্রেম ও বৈরাগ্য মূলক নাটক বলা হয়েছে।

4. কার সংলাপ দিয়ে 'বিল্বমঙ্গল' নাটকটি শুরু হয়?

   » বিল্বমঙ্গলের সংলাপ দিয়েই নাটকটি শুরু হয়।

5. কোন গানের মধ্যে দিয়ে জনৈক ভিক্ষুকের প্রবেশ হয়?

   » 'ওঠা নাবা প্রেমের তুফান 'এই গানের মধ্যে দিয়ে জনৈক ভিক্ষুকের প্রবেশ হয়।

6. কে কাকে বলে গান লিখে দেওয়ার কথা?

   » ভিক্ষুককে বিল্বমঙ্গল গান লিখে দেওয়ার কথা বলে।

7. গান লিখে দেবার জন্য বিল্বমঙ্গল ভিক্ষুককে কত টাকা দিতে চায়?

   »বিল্বমঙ্গল ভিক্ষুক কে একটা টাকা দিতে চায়।

8. প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কে চিন্তামণির খবর বিল্বমঙ্গল কাকে দিয়ে আনাতে চায়?

   » চিন্তামণির খবর বিল্বমঙ্গল ভিক্ষুককে দিয়ে আনাতে চেয়েছে।

9. থাক-র প্রবেশ নাটকের কোন অংশে ঘটে?

   » প্রথম অঙ্কের প্রথম গর্ভাঙ্কে থাক-র প্রবেশ ঘটে।

10. 'তবে এই জানি যে, মনের মানুষ পেলুম না'।– সংলাপ টি কার?

    » সংলাপ টি থাক-র।

11. 'আমরা বাবা যত্নের পায়রা, যেখানে যত্ন পাব, সেখানে যাব'- সংলাপটি কার?

    » সংলাপটি বিল্বমঙ্গলের।

12. সাধকের আসল নাম কী?

    » সাধনের আসল নাম রামকুমার সান্যাল।

13. সাধকের বাড়িতে ক'জন আছে ? তার জন্য সাধক কত টাকা পাঠাতে চায়?

    » সাধকের বাড়িতে স্ত্রী, ছেলে আর মা ঠাকরুণ আছে। তাদের জন্য সাধক মাসে পোনের টাকা পাঠাতে চায়।

14. নাটকে 'ও মা কেমন মা কে জানে'-গানটি কে গেয়েছেন?

    » নাটকে গানটি গেয়েছে পাগলিনী।

15. বিল্বমঙ্গল দাওয়ানের কাছে কত টাকা চায়?

    » বিল্বমঙ্গল দাওয়ানের কাছে একশ টাকা চেয়ে বসে।

16. 'নিন্দা অঙ্গের আভরণ করেছি'- উক্তিটি কার?

» বিল্বমঙ্গল নিজের সম্পর্কে বলেছে।

17. ‘একে ও দাগা দিয়ে ভগবান গৃহত্যাগী করেচে-কার কথা বলা হয়েছে?

» চিন্তামণি পাগলিনী সম্পর্কে এই উক্তি করেছেন।

18. ‘মা তুই আমার মেয়ে’- চিন্তামণি কাকে নিজের মেয়ে বলেছেন? এবং কী পড়িয়ে দিয়েছেন?

» চিন্তামণি পাগলিনীকে নিজের মেয়ে বলেছেন। এবং তাকে গহনা পরিয়ে দিয়েছে।

19. পাগলিনী গহনাগুলি কাকে দিয়ে দেয়?

» পাগলিনী গহনাগুলি ভিক্ষুক কে দিয়ে দেয়।

20. ‘আমি চিন্তামণির ভিক্ষাপুত্র’-উক্তিটি কার?

» উক্তিটি সাধকের ।সে নিজেকে চিন্তামণির ভিক্ষাপুত্র বলেছেন।

21. ‘আমি যে ভাই অনাথকে বড় ভালোবাসি’-সংলাপটি কার?

» সংলাপ টি বালক রাখালের ।

22. ‘কৃষ্ণ দর্শনের ফল কৃষ্ণ দর্শন ,আর অন্য ফল নাই’-উক্তিটি কার?

» উক্তিটি সোমগিরির।

23. ‘বৃন্দাবনে নিত্যলীলা দেখরে, নয়ন’-গানটি কখন গাওয়া হয়?

» গানটি নাটকের শেষে গাওয়া হয়।

........................×.........................................×.......................................